পরিবারের সকল সদস্যসহ করোনায় আক্রান্ত হয়েছিলেন ‘দ্য রক’

সপরিবারে প্রাণঘাতী করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছিলেন দ্য রক খ্যাত সাবেক রেসলার ও হলিউড অভিনেতা ডোয়াইন জনসন। সামাজিক যোগাযোগ মাধ্যম ইন্সটাগ্রাম ভিডিওতে নিজেই এমনটি জানান বিশ্বের সর্বোচ্চ পারিশ্রমিক পাওয়া অভিনেতা ডোয়াইন জনসন।

জানা গেছে, ৪৮ বছর বয়সী অভিনেতা ডোয়াইন জনসন তার স্ত্রী লরেন এবং কন্যা জেসমিন ও টিয়ানার করোনা পরীক্ষার ফল পজিটিভ আসে। ১১ মিনিটের সেই ভিডিও প্রকাশ করে সেখানে তিনি জানান, তিনি ছাড়াও তার স্ত্রী লরেন হাশিয়ান এবং দুই মেয়ে জেসমিন (৪) ও টিয়ানা (২) এ ভাইরাসে আক্রান্ত হয়েছিলেন। তবে এখন তারা সুস্থ আছেন এবং তাদের আর করোনা নেই।

ইন্সটাগ্রামে ডোয়াইন জনসন বলেন. আমি আপনাদের বলতে পারি যে পরিবার হিসাবে এটি সহ্য করা আমাদের সবচেয়ে চ্যালেঞ্জিং এবং কঠিন বিষয় ছিলো। খুব বাজেভাবে আহত হওয়ার চেয়েও কঠিন হলো করোনায় পজিটিভ হওয়া।
ফোর্বসের বার্ষিক সর্বোচ্চ পারিশ্রমিক পাওয়া অভিনেতাদের তালিকায় শীর্ষে রয়েছেন ডোয়াইন জনসন। ২০১৯ সালের ১ জুন থেকে ২০২০ সালের ১ জুন পর্যন্ত আয়ের ভিত্তিতে এই প্রতিবেদন তৈরি করেছে ফোর্বস।

সাবেক রেসলার ডোয়াইন জনসন গত এক বছরে ৮৭.৫ মিলিয়ন ডলার আয় করেছেন। এর মধ্যে নেটফ্লিক্সে নিজের পরবর্তী মুভি ‘রেড নোটিশ’র জন্য পেয়েছেন ২৩.৫ মিলিয়ন ডলার। এছাড়া নিজের প্রোডাকশন কোম্পানি এবং আন্ডার আর্মারের সঙ্গে চুক্তি থেকে এই অর্থ আয় করেছেন জনসন।

সূত্র- বিডি-প্রতিদিন

কেন রিয়ার সমর্থনে সরব তাপসী পান্নু ও বিদ্যা বালান?

সুশান্ত সিং রাজপুতের মৃত্যুর তদন্ত নিয়ে চলছে জোর পানি ঘোলা। ঘটনার তদন্ত করছে সিবিআই। সুশান্তের ভক্তরা সুবিচার পাওয়ার দাবিতে সরব রয়েছেন। কিন্তু অন্যদিকে বলিউডের কয়েকজন অভিনেত্রী রিয়া চক্রবর্তীর অবস্থান নিয়ে সরব হয়েছেন।

রিয়া চক্রবর্তী এই ঘটনার মূল অভিযুক্ত কিনা যতক্ষণ না পর্যন্ত তিনি দোষী প্রমাণিত হচ্ছেন ততক্ষণ সবকিছুই তদন্ত সাপেক্ষ। কিন্তু তার আগেই মিডিয়া তাকে দোষী সাব্যস্ত করে দিয়েছে বলে দাবি বলিউডের কয়েকজন অভিনেত্রীদের। এ বিষয়ে সরব হয়েছেন তাপসী পান্নু, বিদ্যা বালান এবং লক্ষী মাঞ্চু।

লক্ষী একটি টুইট করেন, রাজদীপ সরদেসাইয়ের সঙ্গে রিয়া চক্রবর্তীর পুরো সাক্ষাৎকারটি দেখলাম। মিডিয়া রিয়াকে দৈত্যের মতো রূপ দিয়ে দিয়েছে। আর তাই বেশিরভাগ মানুষ চুপ করে আছেন। আমি সত্যিটা জানিনা। আমি সত্যিটা জানতে চাই এবং আশাকরি সত্যিটা সামনে আসবে খুব স্পষ্টভাবে। আইনের উপর আমার সম্পূর্ণ ভরসা আছে। এবং যে সকল সংস্থা তদন্ত করছে তাদের উপরে ভরসা আছে। কিন্তু যতক্ষণ না প্রমাণিত হচ্ছে ততক্ষণ কি এই নৃশংস ব্যবহার এবং একজনের পরিবারের উপর এই রকম লিঞ্চিং আমরা বন্ধ রাখতে পারি না?

তিনি আরও বলেন, এই মিডিয়ার জন্য গোটা পরিবারের উপর যে যন্ত্রনা যাচ্ছে আমি তা কল্পনা করতে পারছি। আমার সঙ্গে এরকম কিছু হলে আমি চাইতাম আমার সহকর্মীরা আমার পাশে দাঁড়াক। যতক্ষণ না পর্যন্ত রিয়া দোষী প্রমাণিত হচ্ছে ততক্ষণ এই কাজটি বন্ধ হোক। আমরা কেমন হয়ে গিয়েছি তা দেখে সত্যিই আমার কষ্ট হয়। আমরা কেমন যদি আমরা নিজেদের মনের কথাটা স্পষ্ট করে নাই বলতে পারি। আমি আমার সহকর্মীর পাশে আছি।

এরপরই বিদ্যা বালন টুইট করেন, সত্যি কথা স্পষ্ট বলার জন্য ঈশ্বর তোমার মঙ্গল করুক লক্ষী। খুব দুঃখজনক যে এমন একজন উজ্জ্বল অভিনেতা সুশান্ত সিং রাজপুতের মৃত্যুকে মিডিয়া সার্কাস তৈরি করা হয়েছে। একইসঙ্গে বলবো একজন নারী হিসেবে রিয়া চক্রবর্তীর অবস্থা দেখে আমার হৃদয় ভাঙছে। দোষী প্রমানিত হওয়া পর্যন্ততো একজন

নির্দোষ হয়। নাকি নির্দোষ প্রমাণিত হওয়ার আগে পর্যন্ত একজনকে অপরাধী বলেই ভেবে নেওয়া হয়? একজন নাগরিকের সাংবিধানিক অধিকারকে সম্মান করুন।

অভিনেত্রী তাপসী পান্নু একটি টুইট করেন, সুশান্তকে আমি ব্যক্তিগতভাবে চিনতাম না। রিয়াকেও আমি চিনি না। কিন্তু আমি জানি যে আইন নিজের হাতে তুলে নিয়ে একজনকে, যিনি এখনো দোষী প্রমাণিত হন নি, তাকে অপরাধী বানানো ঠিক নয়। শান্তির জন্য নিজের দেশের আইনকে বিশ্বাস করুন।

সূত্র- বিডি-প্রতিদিন

আবারও আদালতে গড়াল চিত্রনায়ক সালমান শাহ মৃত্যু রহস্য

চিত্রনায়ক সালমান শাহ মৃত্যু রহস্য নিয়ে পিবিআই-এর তদন্ত প্রতিবেদনে নারাজি দিতে সময় চাইল পরিবার। অভিযুক্তরা প্রভাবশালী হওয়ায় বার বার তদন্তে আত্মহত্যা বলে চালিয়ে দেয়া হচ্ছে বলে অভিযোগ তাদের।

সিআইডি, বিচার বিভাগীয়, র্যাবের পর এবার পিবিআই-এর তদন্ত প্রতিবেদনও প্রত্যাখ্যান করেছে সালমান শাহের পরিবার। হত্যা হলেও, বার বার এ মৃত্যুকে আত্মহত্যা বলে চালিয়ে দেয়া হচ্ছে দাবি করে, আজ সোমবার আদালতে নারাজি আবেদনের জন্য সময় চান সালমানের মায়ের আইনজীবী। ন্যায়বিচারের জন্য তারা আইনি লড়াই চালিয়ে যাবেন বলেও জানান।

সালমানের মায়ের আইনজীবী বলেন, ‘পিবিআই আমাদের এভিডেন্সগুলো পর্যালোচনা করেনি। এজন্য আমরা মন করি সঠিক রিপোর্ট আসেনি। সালমানের মা এখনও ইংল্যান্ডে আছেন। আদালত একারণে আমাদের সময় দিয়েছেন।’

১৯৯৬ সালের ৬ সেপ্টেম্বর সালমানের মৃত্যুর এক বছর পর তার বাবা

হত্যা মামলা দায়ের করেন।

এদিকে, পিবিআইয়ের প্রতিবেদন গ্রহণ নিয়ে শুনানির জন্য ১১ অক্টোবর দিন ধার্য করেছেন আদালত।

সূত্র- বিডি-প্রতিদিন

বৈশাখীর সকালের গানে আজ গাইবেন ঝিলিক

বৈশাখীর সকালের গানে গাইবেন ঝিলিক। লিটু সোলায়মানের প্রযোজনায় অনুষ্ঠানটি প্রচার হবে আগামীকাল মঙ্গলবার (১ সেপ্টেম্বর) সকাল ৮টা ২০ মিনিটে।

ঝিলিক মূলত আধুনিক গানের শিল্পী। এছাড়াও তিনি সব ধরনের গানেই অভ্যস্ত। এদিন প্রচার হবে তার গাওয়া ৯টি গান।

ঝিলিক বলেন, গানগুলো গেয়ে নিজের কাছে ভালো লাগছে। গানগুলো দর্শকদেরও খুব ভালো লাগবে বলে আমার বিশ্বাস। এমন একটা আয়োজন করায় বৈশাখী টিভির প্রতিও কৃতজ্ঞতা।

সূত্র- বিডি-প্রতিদিন

কলেজের মেধা তালিকায় প্রথমে সানি লিওনের নাম, বিতর্ক

তুঙ্গে!

কলেজে ভর্তি মেধা তালিকায় অসঙ্গতি থাকা কোনও নতুন বিষয় নয়। ছোটখাটো অসঙ্গতি থাকেই। তবে ভারতের পশ্চিমবঙ্গের দক্ষিণ কলকাতার স্বনামধন্য আশুতোষ কলেজে ইংরেজি বিভাগের মেধা তালিকা দেখে চক্ষু ছানাবড়া প্রায় সকলের।

কারণ সেই তালিকায় দেখা গেছে একদম প্রথমেই রয়েছেন সানি লিওনির নাম। চলতি বছরের শিক্ষাবর্ষেই সানি লিওন পাশ করেছেন বলেও উল্লেখ রয়েছে। প্রাপ্ত নম্বরের কথাও রয়েছে মেধা তালিকায়। কিন্তু সত্যি কী সানি লিওনি ভর্তি হবেন এই কলেজে, মেধা তালিকা দেখার পর অনেকেই হাসির ছলে সেই প্রশ্নই করছেন।

গতকাল বৃহস্পতিবার (২৭ আগস্ট) আশুতোষ কলেজের মেধা তালিকা প্রকাশ হয়। তাতেই দেখা গেছে, একদম প্রথমেই রয়েছে রুপালি পর্দার তারকা সানি লিওনির নাম।

তার আবেদনপত্রের নম্বর ৯৫১৩০০৮৭০৪। রোল নম্বর ২০৭৭৭৭-৬৬৬৬। বেস্ট অব ফোরে তার প্রাপ্ত নম্বর ৪০০ অর্থাৎ প্রতিটি পরীক্ষায় শতভাগ নাম্বার পেয়েছেন তিনি।

সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়ে গেছে এই মেধা তালিকা। শুধু ইংরেজি নয়, কম্পিউটার সায়েন্স বিভাগের মেধা তালিকাতেও হাজার অসঙ্গতি পাওয়া গেছে। কারও বেস্ট অফ ফোরে রয়েছে ভুল নম্বর। আবার কারও নাম ভুল লেখা হয়েছে। কেউ কেউ আবার কোন শিক্ষাবর্ষে উত্তীর্ণ হয়েছেন, তাও ভুল দেওয়া হয়েছে।

কলেজ কর্তৃপক্ষেরও কানে গেছে এমন ভুলের কথা। অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা চেয়ে নেয় কলেজ কর্তৃপক্ষ। ইংরেজি এবং কম্পিউটার সায়েন্সের মেধা তালিকার ভুলভ্রান্তি শুধরে আবারও নতুন করে প্রকাশ করা হবে বলেও জানিয়েছে আশুতোষ কলেজ কর্তৃপক্ষ। আপাতত এই বিভ্রান্তিমূলক মেধা তালিকা দেখে পড়ুয়ারা যে যথেষ্ট বিরক্ত হয়েছে, সে বিষয়ে কোনও দ্বিমত নেই।

সূত্র- বিডি-প্রতিদিন

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মাঝে মাঝে এ রকম ছবি দেব ভাবছি: মিথিলা

মডেল অভিনেত্রী রাফিয়াত রশীদ মিথিলার একটি ছবি ঘিরে চর্চা চলছে সামাজিক যোগাযোগ মাধ্যমে। জীবনানন্দ দাশের কবিতার কয়েকটি লাইনের সঙ্গে পোস্ট করা ছবিটি নানা আলোচনা সমালোচনার জন্ম দিয়েছে। কারণ সাধারণত সামাজিক যোগাযোগ মাধ্যমে এমন খোলামেলা ছবি দেন না মিথিলা।

ছবিটির সঙ্গে তিনি ক্যাপশন দেন, ‘সব পাখি ঘরে আসে— সব নদী— ফুরায় এ-জীবনের সব লেনদেন; থাকে শুধু অন্ধকার, মুখোমুখি বসিবার বনলতা সেন। ~ জীবনানন্দ দাশ’। মিথিলার আগুন ঝরানো এ ছবিটিতে মুহূর্তের মধ্যে লাইকের বন্যা বয়ে গেছে। তার পাশাপাশি নেতিবাচক মন্তব্যেও ভরে উঠেছে ফেসবুকের পাতা।

বর্তমানে কলকাতার স্বামী সৃজিত মুখার্জীর বাড়িতে অবস্থান করছেন মিথিলা। ছবিটির বিষয়ে দেশের শীর্ষ একটি দৈনিককে মিথিলা বলেন, আসলে ছবিটি তোলা ঢাকায়। কলকাতায় আসার আগে বেশ কিছু ফটোশুট করেছিলাম। আর জীবনানন্দ দাশ আমার প্রিয় কবি।

ছবিটার সঙ্গে ক্যাপশনটা কল্পনা করে ভালো লাগল। তাই শেয়ার করলাম। এখানে তো ১৪ দিন আগে হোম কোয়ারেন্টাইনে থাকব। বাইরে বেরোনো হচ্ছে না। তাই মাঝে মাঝে এ রকম ছবি দেব ভাবছি।

সূত্র- বিডি প্রতিদিন

সুশান্ত মৃত্যু মামলায় বন্ধু ও

পরিচালককে ৫ ঘণ্টা জেরা সিবিআইয়ের

বলিউডের অন্যতম জনপ্রিয় অভিনেতা সুশান্ত সিং রাজপুত। গত জুনে মুম্বাইয়ের বান্দ্রার ফ্ল্যাটে ঝুলন্ত অবস্থায় পাওয়া যায় এই তারকাকে। সুশান্ত সিং রাজপুত অস্বাভাবিক ভাবে মারা যাওয়ার বিষয়ে সিবিআই-কে তদন্তের নির্দেশ দিয়েছে দেশটির সুপ্রিম কোর্ট।

রবিবার ডিআরডিওর গেস্ট হাউসে ডেকে সুশান্তের বন্ধু সিদ্ধার্থ পিঠানি, পাচক নীরজ সিংহ এবং পরিচারক দীপেশ সবন্তকে জিজ্ঞাসাবাদ করেছেন সিবিআইয়ের গোয়েন্দারা। প্রায় ৫ ঘণ্টা ধরে চলে জিজ্ঞাসাবাদ পর্ব। তারপর বেলা ৩ টার দিকে ওই তিনজনকে সঙ্গে নিয়ে সুশান্তের বান্দ্রার ফ্ল্যাটে যায় সিবিআইয়ের তদন্ত দলটি।

তাদের সঙ্গে ফরেনসিক বিশেষজ্ঞ এবং মুম্বাই পুলিশের যেসব অফিসার এতদিন তদন্ত করেছেন, তারাও ছিলেন। রবিবার সিবিআইয়ের ওই দলটি প্রয়াত অভিনেতার ফ্ল্যাটে গিয়ে তিন ঘণ্টারও বেশি সময় কাটিয়েছেন। এদিন সকালে সিদ্ধার্থ, নীরজ ও দীপেশ এক এক করে সান্ট্রাক্রুজের কলিনায় ডিআরডিওর গেস্ট হাউসে এসে পোঁছান। সেখানেই গত বৃহস্পতিবার রাত থেকে রয়েছেন সিবিআইয়ের গোয়েন্দারা।

১৪ জুন যখন বান্দ্রার ফ্ল্যাটে সুশান্তের ঝুলন্ত মরদেহ পাওয়া যায়, তখন ওই তিনজনই সেই ফ্ল্যাটে ছিলেন। এর আগে শুক্রবার নীরজ ও সিদ্ধার্থকে এক দফা জিজ্ঞাসাবাদ করেছিলেন সিবিআইয়ের গোয়েন্দারা।

সুশান্তের বাড়ির পরিচারক দীপেশ সবন্ত জানান, লকডাউন চলাকালে অনেক দেরি করে ঘুমোতে যেতেন সুশান্ত ও তার বান্ধবী রিয়া চক্রবর্তী। ঘুম থেকে উঠতেনও দেরি করে।

দুপুরে খাওয়ার আগে দীর্ঘক্ষণ যোগব্যায়াম করতেন তারা। অনেক সময়ে ছাদে গিয়েও ব্যায়াম করতেন। তখন দীপেশকে সুশান্ত নির্দেশ দিতেন– ছাদে যোগব্যায়ামের জিনিসপত্র ও মিউজ়িক সিস্টেম দিয়ে আসতে।

সুশান্তের অস্বাভাবিক মৃত্যুর দিন কয়েক আগে রিয়া সুশান্তের ফ্ল্যাট থেকে চলে যান। সেই দিনটি সম্পর্কে দীপেশকে খুঁটিয়ে খুঁটিয়ে নানা প্রশ্ন করেন গোয়েন্দারা।

দীপেশ জানান, ওই দিন দুপুরে খাওয়ার আগেই সুশান্তের বাড়ি থেকে চলে যান রিয়া। সঙ্গে ছিলেন তার ভাই শৌভিক চক্রবর্তী। সে দিন দুপুরে আর খাওয়া-দাওয়াই করেননি। সারাক্ষণ ঘরে চুপচাপ বসেছিলেন সুশান্ত। সূত্র: আনন্দবাজার

অবশেষে ব্যাটম্যান হয়ে ধরা দিলেন রবার্ট প্যাটিনসন

‘আমি হলাম প্রতিহিংসা’- ঠিক এই বাক্য উচ্চারণের মধ্য দিয়েই মার্বেল সুপারহিরো ব্যাটম্যান হিসাবে আত্মপ্রকাশ করে ফেললেন রবার্ট প্যাটিনসন। হলিউড তারকা রবার্ট প্যাটিনসন ব্যাটম্যানের চরিত্রে অভিনয় করতে চলেছেন-গত বছর মে মাসে এই খবর প্রকাশ্যে আসবার পর থেকেই বিভিন্নমহল থেকেন নানারকম মত উঠে এসেছিল।

ব্যাটম্যানের ভূমিকায় কতখানি মানাবে ‘দ্য টোয়ালাইট সাগা’ সিরিজ খ্যাত এই তারকাকে? সেই নিয়েও সন্দেহ প্রকাশ করেছিলেন ডিসি কমিকসের অনেক ভক্ত। তবে সব জল্পনার অবসান হল শনিবার। প্রকাশ্যে এলো ম্যাট রিভস পরিচালিত ‘দ্য ব্যাটম্যান-ডিসি ফ্যানডম’ এর প্রথম ঝলক।

কথামতোই প্রযোজক সংস্থা ওয়ার্নার ব্রাদার্সের পক্ষ থেকে ডিসি ফ্যানডম ইভেন্টে মুক্তি দেওয়া হল এই ছবির টিজার । করোনাভাইরাস মহামারীর জেরে এই ছবির শুটিং বন্ধ রয়েছে, যা শুরু হওয়ার কথা সেপ্টেম্বর মাসে। আপাতত অক্টোবর ২০২১ মুক্তির লক্ষ্যমাত্রা নিয়ে এগোচ্ছে গোটা টিম।

মূলত টানটান অ্যাকশন দৃশ্যে ভরপুর এই টিজারে ব্যাটম্যান রূপী রবার্ট প্যাটিনসনের এন্ট্রি ভক্তদের মধ্যে উত্তেজনা তৈরি করেছে । তাঁর ঘষা-ঘষা কণ্ঠস্বরের নতুনত্ব হল ক্রিশ্চান বেলের মতো কর্কশও নয় আবার আবার বেন আফ্লেকের মতো যান্ত্রিকও নয় যা ইতিমধ্যেই ভক্ত মহলে উন্মাদনা সৃষ্টি করেছে । ব্যাটম্যান ওরফে ক্যাপড ক্রুসেডারের চরিত্রে ছবিতে থাকছেন প্যাটিনসন।

ছবিতে খলনায়কের চরিত্রে দেখা যাবে পল ড্যানোকে।এছাড়াও জো ক্রাভিৎজ থাকছেন ক্যাট ওম্যানের ভূমিকায় এবং সম্পূর্ণ অপরিচিত আইরিশ অভিনেতা কলিং ফ্যারেলকে দেখা যাবে পেঙ্গুইনের চরিত্রে । এছাড়াও ছবিতে দেখা যাবে জন টারটারো, পিটার সারসগার্ড, জেমি লাউসন এবং অ্যান্ডি সার্কিস এর মতো তারকা অভিনেতাদের ।

নির্ভানার সামথিং ইন দ্য ওয়ে গানের মিউজিকের মোড়কে নির্মিত টিজারে নাইকেল গিয়াচ্চিনোর নতুন ব্যাটম্যান থিমের অনুপ্রেরণা লক্ষ্য করা গেছে । উল্লেখ্য, সুপারহিরো ব্যাটম্যান হিসাবে প্যাটিনসনের সঙ্গে বেন অ্যাফ্লেকের তুলনা যে টানা হবেই তা কারো অজানা নয়। তবে প্রথম পরীক্ষায় অন্তত পুরো নম্বর নিয়েই পাশ করলেন রুপোলি পর্দার এই হ্যান্ডসাম ভ্যাম্পায়ার।

সূত্র- বিডি-প্রতিদিন

বিয়ের ১৮ মাসেও স্বামীর সাথে কোন বিবাদ না হওয়ায় তালাক চাইলেন স্ত্রী!

বিয়ের ১৮ মাস পরেও কোন বিষয়েই স্বামীর সাথে ঝগড়া তো দূরের কথা কখনও কথা কাটাকাটি পর্যন্ত হয়নি। বদলে সবকিছুই মুখ বুঝে সহ্য করে গেছেন স্বামী। স্ত্রী’র অন্যায় দেখলেও তাকে ক্ষমা করে দিয়েছেন স্বামী। তাকে ভালোবেসেছেন। স্বামীর এই মনোভাব কোন ভাবেই সহ্য করতে না পেরে স্থানীয় শরিয়া আদালতে গিয়ে তালাক চাইলেন এক মুসলিম নারী।

অদ্ভুত ঘটনাটি ঘটেছে ভারতের উত্তর প্রদেশের সম্বল জেলায়। আদালতে ওই নারী জানায় স্বামী তাকে এতটাই ভালবাসেন-যে তা সহ্য করতে পারছেন না ওই নারী। বিয়ের ১৮ মাস পরেও স্বামীর সাথে কোন বিবাদ না হওয়ায় তিনি খুবই বিরক্ত বোধ করছেন।

আদালতে তিনি জানান ‘কোন বিষয়েই আমার স্বামী কখনওই আমাকে চিৎকার

করে কথাও বলেননি বা তিনি কখনও আমার কোন ব্যাপারে হতাশাও জানায়নি। এমনকি আমার স্বামী আমার জন্য রান্না করে এবং ঘরের প্রতিটি কাজেই সে সহায়তা করে।’

ওই নারী আরও জানান ‘আমি যখনই কোন ভুল করি, সেই কাজের জন্য আমার স্বামী আমাকে ক্ষমা করে দেয়। আমি চেয়েছিলাম যে বিষয়টি নিয়ে তিনি আমাকে কিছু বলুক, আমাকে বকা দিক। তাই আমি এমন কোন জীবন চাই না যেখানে স্বামী সবকিছুই মেনে নেবেন।’

স্বামীর কাছ থেকে বিচ্ছেদ চাওয়ার কারণ হিসাবে মুসলিম নারীর এই বক্তব্য শুনে হতবাক শরিয়া আদালতও। গোটা বিষয়টিকে ‘বাজে’ ঘটনা বলে আখ্যায়িত করে আদালতের ধর্মগুরু সেই তালাকের আর্জি খারিজ করে দিয়েছেন।

আদালতের কাছে প্রত্যাখিত হয়ে শেষে স্থানীয় গ্রাম পঞ্চায়েতের দ্বারস্থ হন তিনি। কিন্তু ওই মুসলিম নারীর বক্তব্য শুনে স্থানীয় পঞ্চায়েতও কোন যথোপুযুক্ত সিদ্ধান্তে আসতে ব্যর্থ হয়।

এদিকে ওই নারীর স্বামী জানিয়েছেন তিনি তার স্ত্রীকে ভালবাসেন এবং যতদিন তিনি বেঁচে থাকবেন ততদিন স্ত্রীকে সুখী রাখতে চান। আর এতে তিনি কোন অন্যায় কাজ করেছেন বলে তিনি মনে করেন না। আসলে তিনি চান একজন আদর্শ স্বামী হতে।

সূত্র- বিডি-প্রতিদিন